

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৬৮৮

৭/ সিয়াম বা রোযা (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ৭/২০. রোযা অবস্থায় স্ত্রীর দেহ স্পর্শ করা।

بَابِ مَا جَاءَ فِي الْمُبَاشَرَةِ لِلصَّائِمِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَالِدِ بْنِ عَبْدِ اللهِ الْوَاسِطِيُّ حَدَّثَنَا أَبِي عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ رُخِّصَ لِلْكَبِيرِ الصَّائِمِ فِي الْمُبَاشَرَةِ وَكُرِهَ لِلشَّابِّ

বাংলা

২/১৬৮৮। ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, বৃদ্ধ রোযাদারকে স্ত্রীর দেহ স্পর্শ করার অনুমতি দেয়া হয়েছে এবং যুবকদের জন্য তা অপছন্দ করা হয়েছে।

English

It was narrated that Ibn 'Abbas said:

"A concession was granted to those who are older with regard to touching while fasting, but it was disliked on the part of those who are younger."

ফুটনোট

সহীহ আবী দাউদ ২০৬৫, বায়হাকী ৪/২৩৭।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ বিন খালিদ বিন আবদুল্লাহ আল-ওয়াসিতী সম্পর্কে ইবনু হিবান তাকে সিকাহ বললেও তিনি বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন ও সিকাহ রাবীর বিপরীত হাদিস বর্ণনা করেন। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি জঘন্য মিথ্যুক। আবু যুরআহ আর-রাযী তাকে দুর্বল বলেছেন। আল খাল্লাল তাকে খুবই দুর্বল হিসেবে আখ্যায়িত করেছেন। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫১৭৮, ২৫/১৩৯ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি সহিহ কিন্তু মুহাম্মাদ বিন খালিদ বিন আবদুল্লাহ আল-ওয়াসিতী এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ১৮ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে ৪ টি অধিক দুর্বল, ৯ টি দুর্বল, ১ টি হাসান, ৪ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হল, আবু দাউদ ২৩৮৭, মু'জামুল



আওসাত ৮৪২১, আহমাদ ৬৭০০, ৭০১৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন